

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৯৪৩

২০/ (আল্লাহর পথে) জিহাদ

পরিচ্ছেদঃ জিহাদ ওয়াজেব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

আরবী

وَعَن أَبِي سَعِيدِ الخُدْرِي أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْنِ اللهِ عَلَيْنِ أَحَدُهُمَا وَاهُ مسلم وَالأَجْرُ بَيْنَهُمَا رواه مسلم وَفِيْ رِوَايَةٍ لَهُلِيَخْرُجَ مِنْ كُلِّ رَجُلَيْنِ رَجُلٌ ثُمَّ قَالَ لِلقَاعِدِأَيُّكُمْ خَلَفَ الخَارِجَ فِي أَهْلِهِ وَمَالِهِ بِخَيْرٍ كَانَ لَهُ مِثْلُ نِصْفِ أَجْرِ الخَارِج

বাংলা

(১৯৪৩) আবৃ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, (একবার) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনূ লাহইয়ান গোত্রাভিমুখে (যখন তারা অমুসলিম ছিল) একটি বাহিনী প্রেরণ করলেন এবং বললেন, যেন প্রতি দু'জনের মধ্যে একজন লোক (ঐ বাহিনীতে) যোগদান করে, আর সওয়াব দু'জনের মধ্যে সমান হবে। (যদি পিছনে থাকা ব্যক্তি মুজাহিদের পরিবারের যথাযথ ভাবে প্রতিনিধিত্ব করতে পারে।)

এর অন্য বর্ণনায় আছে, "যেন প্রতি দু'জনের মধ্যে একজন পুরুষ জিহাদে বের হয়।" অতঃপর ঘরে বসে থাকা ব্যক্তির জন্য বললেন, "তোমাদের মধ্যে যে কেউ জিহাদের উদ্দেশ্যে গমনকারীর পরিবার-পরিজনদের মধ্যে উত্তমরূপে তার প্রতিনিধিত্ব করবে, সে তার (মুজাহিদের) অর্ধেক পুণ্য পাবে।" (মুসলিম ৫০১৩, ৫০১৬)

ফুটনোট

* (পূর্বাক্ত হাদীসের সমান নেকীর কথা উল্লিখিত হয়েছে আর এতে অর্ধেকের কথা দৃশ্যতঃ দুই হাদীসের মধ্যে বিরোধ পরিদৃষ্ট হলেও; আসলে কিন্তু কোন বিরোধ নেই। কারণ, অর্ধেক মানে হচ্ছে দু'জনের মধ্যে একটি নেকীর সমান ভাগ হবে। বিধায় দু'জনের জন্যই আধা-আধি হবে। ফলে দু'জনেরই সমান অংশ দাঁড়াবে।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=65691}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন